

রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা

বিষয়: ২০২১-২০২২ সালের কর্মপরিকল্পনা মোতাবেক নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সম্পদ বড়ুয়া
সচিব

জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

সভার সময় ও তারিখ : ২৯ মার্চ ২০২২, বেলা ০৩:০০ টা


স্থান : অনলাইন পদ্ধতিতে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর উপসচিব (প্রশাসন) বলেন যে চলতি অর্থ বছরের নৈতিকতা কমিটির ৩য় কোয়ার্টারের সভা অদ্য অনুষ্ঠিত হচ্ছে। চলতি অর্থ বছরের ২য় কোয়ার্টার এর প্রতিবেদন ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি চলতি ২০২১-২০২২ সালের কর্ম পরিকল্পনার কার্যক্রমভিত্তিক বিবরণ উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা			
১.১। নৈতিকতা কমিটির সভা	২০২১-২০২২ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ভিত্তিতে ২৯/০৩/২০২২ খ্রি. তারিখ ৩য় কোয়ার্টারের সভা অনুষ্ঠিত হয়।	প্রতি কোয়ার্টার শেষ হওয়ার এক সপ্তাহ পূর্বেই ঐ কোয়ার্টারের সভা আহ্বান করতে হবে এবং পরবর্তী কোয়ার্টারের শুরুতেই ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন শাখা
১.৫। কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইডুজ অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি	কর্মপরিবেশ উন্নয়নে ও কোভিড-১৯ প্রতিরোধের জন্য প্রণীত স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সকল কর্মকর্তা-কর্মচারীদের সচেতন করা হয়েছে। তাদেরকে মাস্ক, সেনিটাইজার বিতরণ করা হচ্ছে।	করোনাকালে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে এবং কর্মস্থল পরিচ্ছন্ন রাখতে হবে। সকলকে মাস্ক, সেনিটাইজার ইত্যাদি সরবরাহ অব্যাহত রাখতে হবে।	সেবা শাখা
১.৬। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হয়।	প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পর ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে।	আইসিটি শাখা
২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন			
২.১। ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	প্রণীত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে দৃশ্যমান রাখতে হবে।	সেবা শাখা ও আইসিটি শাখা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.....			
৩.৩। শাখাসমূহ পরিদর্শন	এ পর্যন্ত মোট ২ টি শাখা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।	শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং প্রত্যেকটি পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাসম্ভব দ্রুত বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.৪। শূন্যপদ পূরণ	জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিভাগের সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে আগামী ১ এপ্রিল ২০২২ ও ৯ এপ্রিল ২০২২ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে মর্মে সভায় আলোচনা হয়।	জনবল নিয়োগের লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ করতে হবে এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।	প্রশাসন শাখা

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 সম্পদ বড়ুয়া
 সভাপতি
 নৈতিকতা কমিটি
 ও
 সচিব
 জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
 বঙ্গভবন, ঢাকা